স্নাতক পাঠক্রম (B.D.P.)

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা (Term End Examination) :

ডিসেম্বর, ২০১২ ও জুন, ২০১৩

বাংলা (Bengali)

ঐচ্ছিক পাঠক্রম (Elective)

অষ্টম পত্র (8th Paper : **Anubad, Bananbidhi, Sampadona, Anuchhed, Protibedan**)

সময় ঃ চার ঘণ্টা **পূর্ণমান ঃ ১০০**

(মানের গুরুত্ব ঃ ৭০%)

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

১। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন ঃ ২০ × ২ = ৪০

(ক) আক্ষরিক অনুবাদ, ভাবানুবাদ বলতে কী বোঝায় ? সংজ্ঞা ও উদাহরণসহ ব্যাখ্যা করুন। প্রসঙ্গত গীতাঞ্জলি কাব্যের মূল ও অনুবাদ সম্পর্কে আপনার পর্যালোচনা উপযুক্ত উদাহরণ দিয়ে বুঝিয়ে দিন।

(খ) ''শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের 'কি – কী' বানান বিভ্রান্তি শুধু কাব্যেই নয়, একাল পর্যন্ত গড়িয়েছে।'' উক্ত কাব্যের প্রাসঙ্গিক উদাহরণ দিয়ে মন্তব্যটির যাথার্থ্য বিচার করুন। বাংলা আকাদেমি বানানে 'কি' ও 'কী'-এর প্রয়োগ-এর তাৎপর্য বিশদে বুঝিয়ে দিন।

[পরের পৃষ্ঠায় দ্রষ্টব্য

(গ) বাংলা বানানের সমস্যা ও সমাধানে কলিকাতা বিশ্ববিদ্যালয় এবং পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমির ভূমিকা ও তার সুপারিশ সংক্ষেপে আলোচনা করুন।

(ঘ) তৎসম, তদ্ভব ও অর্ধতৎসম শব্দের বানানে সরলীকরণ প্রক্রিয়া কতদূর প্রযোজ্য — উদাহরণসহ ব্যাখ্যা করুন।

(ঙ) একজন পত্রিকা সম্পাদকের দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে আলোচনা করুন। সার্থক সম্পাদনা বলতে কী বোঝায় বিশদে বুঝিয়ে দিন।

২। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দিন ঃ ১২ × ৩ = ৩৬

(ক) বাংলা বানানে রবীন্দ্রনাথ-প্রমথ চৌধুরী-অন্নদাশঙ্করের প্রবণতার মিল ও গরমিল কোথায় উদাহরণসহ দেখিয়ে দিন।

(খ) বাংলা বানান সমস্যা ও সমাধান বিষয়ে প্রবোধচন্দ্র সেন-ক্ষেত্র গুপ্ত-ক্ষুদিরাম দাস-এর বক্তব্য সংক্ষেপে আলোচনা করুন।

(গ) বাংলা বানানের সরলীকরণের প্রয়োজনীয়তা ও তার প্রক্রিয়া সম্পর্কে সংক্ষেপে আলোচনা করুন। সরলীকরণ প্রক্রিয়ায় দুটি করে প্রচলিত ও সরলীকৃত তৎসম, অর্ধ-তৎসম, তদ্ভব, বিদেশি শব্দের উদাহরণ দিন।

(ঘ) সংবাদপত্র, রেডিও ও দূরদর্শনের প্রতিবেদন রচনার ও উপস্থাপনার কৃৎকৌশলের তুলনামূলক আলোচনা করুন।

(ঙ) সংবাদপত্রের অঙ্গসজ্জার নীতি, বিভিন্ন রূপ ও সাধারণ সূত্র সম্পর্কে আপনার অভিমত বিশদ করুন।

(চ) সংবাদ সংগ্রহ, কপি সম্পাদনা, শিরোনাম এবং কপি পরীক্ষা সম্পর্কে সংক্ষেপে মন্তব্য করুন।

(ছ) পঞ্চাশ-ষাট দশকের স্মরণীয় পাঁচটি পত্রিকার নামোল্লেখ করে সাময়িক পত্রের সম্পাদনায় সম্পাদকের ভূমিকা সম্পর্কে আলোচনা করুন।

৩। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিন ঃ ৬ × ৪ = ২৪

(ক) উনিশ শতকের প্রথমার্ধে বাংলা ভাষায় অনুদিত উপন্যাস, নাটক, গল্প ও কাব্যগ্রন্থের নাম উল্লেখ করুন।

(খ) গীতাঞ্জলির ইংরেজি অনুবাদ কোথা থেকে প্রকাশিত হয় ? গ্রন্থটি কাকে উৎসর্গীকৃত ? কে কবিতা নির্বাচন ও সম্পাদনা করেন ? কোন্ কোন্ রবীন্দ্রকাব্যের ক'টি কবিতা এতে আছে ?

(গ) বিদেশি শব্দ সম্পর্কে বাংলা আকাদেমি গৃহীত বানানবিধি উদাহরণসহ বিবৃত করুন।

(ঘ) 'প্রতিবেদন' ও 'শিল্পিত প্রতিবেদনের' পার্থক্য বুঝিয়ে দিন।

(ঙ) সাংবাদিকতা বা 'Journalism' শব্দটির উৎস ও নানা রূপান্তরের পর বর্তমানে এর প্রকৃত অর্থ কী ?

(চ) প্রাচীন বাংলা সাহিত্য অনুবাদের মূল কী কী কারণ ছিল ? তিনটি অনুদিত গ্রন্থের পরিচয় দিন।

(ছ) নীচের প্রশ্নগুলির উত্তর দিন :

i) ধ্বনি আছে কিন্তু লেখার বর্ণ নেই।

ii) একই বর্ণের একাধিক ধ্বনির উচ্চারণ।

iii) বর্ণ আছে উচ্চারণ নেই।

iv) তৎসম শব্দের বিকল্প বানানের উদাহরণ।

v) তদ্ভব শব্দের বিকল্প বানান।

vi) বিদেশি শব্দের বিকল্প বানান।

(জ) উপযুক্ত উদাহরণ দিয়ে গ্রন্থপঞ্জি ও উল্লেখপঞ্জির পার্থক্য বুঝিয়ে দিন।

(ঝ) অনুচ্ছেদ রচনার উদ্দেশ্য ও তার কৃৎকৌশল সূত্রাকারে উপস্থিত করুন।